

## অবসরের ক্ষেত্রে দায়িত্বভার হস্তান্তর বিধান।

গণকর্মচারী (অবসর) আইন, ১৯৭৪ এর ধারা-৪ এর বিধানমতে ৫৯ বৎসর বয়স পূর্ণ হইলে একজন গণ কর্মচারীকে এবং ৪এ ধারার বিধানমতে ৬০ বৎসর পূর্ণ হইলে একজন মুক্তিযোদ্ধা গণ কর্মচারীকে বাধ্যতামূলকভাবে অবসরগ্রহণ করিতে হয়। বি এস আর, পার্ট-১ এর বিধি-৭৯ অনুসারে, প্রযোজ্য ক্ষেত্রে, ৫৯/৬০ বৎসর পূর্ণ হওয়ার দিনটি নন ওয়ার্কিং ডে হিসাবে গণ্য হইবে এবং উক্ত দিনটিকে অন্তর্ভুক্ত করিয়া অবসরগ্রহণ কার্যকর হইবে।

ইহাছাড়া জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং ED(Reg-IV)-186/83-58, তারিখ : ১৬ জুন, ১৯৮৩ তে উল্লেখ করা হইয়াছে যে, ৫৯/৬০ বৎসর পূর্ণ হওয়ার দিনে সংশ্লিষ্ট কর্মচারী অবসরপ্রাপ্ত হইয়াছেন বলিয়া গণ্য হইবেন। উক্ত স্মারকে দায়িত্বভার হস্তান্তর সম্পর্কে উল্লেখ করা হইয়াছে যে, বার্ষিক্যজনিত অবসরগ্রহণের দিন অর্থাৎ ৫৯/৬০ বৎসর পূর্ণ হওয়ার তারিখে দায়িত্বভার হস্তান্তর করিতে হইবে। উক্ত দিনটি সরকারী ছুটির দিন হইলেও উক্ত দিনই দায়িত্ব হস্তান্তর কার্য সমাধা করিতে হইবে অথবা বার্ষিক্যজনিত অবসরগ্রহণের তারিখে কার্যকারতা দেখাইয়া উক্ত ছুটির দিন বা দিনসমূহের পূর্বে দায়িত্বভার হস্তান্তর করিতে হইবে।

অবসরউত্তর ছুটি ভাগে করার ক্ষেত্রে এবং চুক্তিভিত্তিক পুনঃনিয়োগের ক্ষেত্রেও দায়িত্ব হস্তান্তর সংক্রান্ত উল্লেখিত নীতি প্রযোজ্য হইবে।